মেহেরপুরের বারাদিতে খন্দকার তিয়ানা সুইটস্ শো-রুমের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার ৪০ বছরের ঐতিহ্যবাহী মিষ্টান্ন প্রতিষ্ঠান খন্দকার সুইটস এর দ্বিতীয় শোরুম খন্দকার তিয়ানা সুইটস এর শো- রুম উদ্বোধন হয়েছে।

আজ রবিবার বিকেল সাড়ে চারটায় বারাদী বাজারের প্রাণকেন্দ্র পুলিশ ক্যাম্প সংলগ্ন এলাকায় জেলা পরিষদ মার্কেটে খন্দকার তিয়ানা সুইটস্ এর উদ্বোধন ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

হরেক রকমের বাহারি ডিজাইনের মিষ্টির পসরা নিয়ে খন্দকার তিয়ানা সুইটস্ এর কার্যক্রম শুরু হল। এর মধ্যে হাড়িভাঙ্গা দুধ চমচম, স্পেশাল হাড়িভাঙ্গা ক্ষীর রোল, রোল সন্দেশ, ক্রিম জাম, ইলিশ পেটি, রসমালাই উল্লেখযোগ্য।

খন্দকার সুইটস্ এর শুভ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদকও বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন।

এছাড়াও উপস্থিত ছিলেন বারাদী বাজার কমিটির সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী সর্দার, সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান পন্ডিতসহ এলাকার সুধীজন ও ব্যবসায়ীবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন বারাদী মাদ্রাসার মুহতামিম মাওঃ শফিকুল ইসলাম।

খন্দকার সুইটস্ এর পরিচালক খন্দকার সৌরভ বলেন, খন্দকার সুইটস এর প্রতিষ্ঠাতা আমার পিতা মরহুম খন্দকার আঃ মোতালেব এর হাত ধরেই সুদীর্ঘ ৪০ বছর সুনামের সহিত আমরা ব্যবসা পরিচালনা করে আসছি। জেলার চাহিদা মিটিয়েও বারাদি অঞ্চলের মানুষের চাহিদা পূরণ ও সর্বোচ্চ গুণগত মানের প্রশ্নে আমরা বদ্ধপরিকর। খন্দকার তিয়ানা সুইট বারাদী শো-রুম পরিচালনা করবেন খন্দকার আমিনুল ইসলাম এবং এসআই রিঙ্কু মাহমুদ।